গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,
ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০০২৬.২৬.৫১

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: এস বি নিটেক্স লিঃ এর অনুকূলে ১ম এডহক শিল্প আইআরসির ষান্মাসিক ও বার্ষিক আমদানি স্বত্ব বহাল রেখে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান প্রসংগে।

সূত্র: মাইগভ এ আবেদন নং-৯৮৩, তারিখ, তারিখঃ ২৩/০৮/২০২৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এস বি নিটেক্স লিঃ, অফিস ও কারখানাঃ ১৩/১৬, পল্লবী শপিং সেন্টার, ৬ষ্ঠ তলা, মিরপুর, ঢাকা নামক শিল্প প্রতিষ্ঠানটি স্থানীয় বিনিয়োগে ১০০% রপ্তানিমুখী শিল্প উপখাত নিটিং ও নীট গার্মেন্টস'' শিল্প হিসেবে নিবন্ধিত। যার নিবন্ধন নং-এল-১৭৩০১২০৯২৯৪৩-এইচ, তারিখঃ ২০/০৯/২০১২। প্রতিষ্ঠানটির অনুকুলে ১ম এডহক শিল্প আই আর সি নং-ব ০২২২৫১৩, তারিখঃ ২১/১১/২০১২ খ্রিষ্টাব্দ জারী করা হয়। প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারনে ১ম এডহক সুবিধার বিপরীতে কাঁচামাল আমদানি করতে না পারায় কারখানা কর্তৃপক্ষের আবেদন মোতাবেক ১ম এডহক শিল্প আইআরসির ষান্মাসিক ও বার্ষিক আমদানি স্বত্ব বহাল রেখে ২য় এডহক শিল্প আইআরসির সুবিধার অনুকুলে কাঁচামাল আমদানির আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষার পর কারখানাটির অনুকূলে ১ম এডহক শিল্প আইআরসির ষান্মাসিক ও বার্ষিক আমদানি স্বত্ব বহাল রেখে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমূখী শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২৬-২০২৯ এর বিধি বিধান যথাযথভাবে পালন করতে হবে।

২। অতএব, উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী নিয়মনীতি প্রতিপালন স্বাপেক্ষে এস বি নিটেক্স লিঃ এর অনুকুলে কাঁচামাল (নিষিদ্ধ পন্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) আমদানির জন্য কারখানাটির অনুকূলে ১ম এডহক শিল্প আইআরসির ষান্মাসিক ও বার্ষিক আমদানি স্বত্ব বহাল রেখে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান করা হল।

৩। উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।

১৫-০৯-২০২৬
মোঃ আব্দুস সালাম
উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর জাতীয় ক্রীড়া পরিষদ ভবন
(এনএসসি টাওয়ার), ১৬ তলা,৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০০২৬.২৬.৫১/১ (৫)

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিয়ন্ত্রক আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা,৬২/৩,, পুরা না পল্টন, ঢাকা-১০০০।।
২। কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা।

৩। ব্যবস্থাপনা পরিচালক, এস বি নিটেক্স লিঃ, অফিস ও কারখানাঃ ১৩/১৬, পল্লবী শপিং সেন্টার, ৬ষ্ঠ তলা, মিরপুর, ঢাকা।
৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।
৫। অফিস, কপি।





১৫-০৯-২০২৬
মোঃ আব্দুস সালাম
উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)